দৈনিক ইত্তেফাক

তারিখ ০4 FEB 1994
পৃষ্ঠা ৩ কলাম ৮

141

# যশোর বোর্ডের ১৬৫৭ এইচএসসি পরীক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা

কালিয়া (নড়াইল) সংবাদদাতা ॥ ১৯৯৩ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে যশোর বোর্ডের ১৬৫৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। গত ১৮ই জানুয়ারী প্রকাশিত বোর্ডের বিজ্ঞপ্তিতে জানা যায়, ১৩ই জানুয়ারী অনুষ্ঠিত বোর্ডের শৃংখলা কমিটির সভায় ১৯৯৩ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের ও প্রধান পরীক্ষকগণের নিকট হইতে প্রাপ্ত রিপোর্টসমূহ পরীক্ষা নিরীক্ষা ও বিবেচনার পর সর্বমোট ১ হাজার ৬ শত ৫৭ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে অসদুপায় অবলম্বনের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাহাদিগকে দোষী সাব্যস্ত করিয়া বহিষ্কারসহ বিভিন্ন মেয়াদের শাস্তি প্রদান করা হইয়াছে।

শাস্তিপ্রাপ্ত উল্লেখিত পরীক্ষার্থীদের মধ্যে ১ হাজার ৩ জন পরী-

( ৫ম পৃঃ দ্রঃ )

## যশোর বোর্ডের

(৩য় পৃঃ পর )

ক্ষার্থীকে ১ বছরের জন্য বহিষ্কার করা হইয়াছে। অর্থাৎ তাহাদের ১৯৯৩ সালে দেওয়া পরীক্ষা বাতিল করা হইয়াছে। ৫ শত ৬২ জন পরীক্ষার্থীকে ২ বছরের জন্য বহিষ্কার করা হইয়াছে। তাহাদের ১৯৯৩ সালের পরীক্ষা বাতিল করা হইয়াছে এবং ১৯৯৪ সালের পরীক্ষায়ও তাহারা অংশ নিতে পারিবে না। ৮৮ জনকে ৩ বছরের জন্য বহিষ্কার করা হইয়াছে। তাহাদের ১৯৯৩ সালের পরীক্ষা বাতিলসহ ১৯৯৪ ও ১৯৯৫ সালের পরীক্ষায় তাহারা অংশ নিতে পারিবে না। ৪ জনকে ৪ বছরের জন্য বহিষ্কার করা হইয়াছে। তাহারা ১৯৯৩ সালের পরীক্ষা বাতিল এবং ১৯৯৪, '৯৫ ও '৯৬ সালের পরীক্ষায় অংশ নিতে পারিবে না।